

বিজ্ঞপ্তি

নং- ৯৩৮৭৭ তাং- ১৬/১০/২০১৬


বিগত ৩০/০৫/২০১৬ তারিখের ১২.০১.০০.০০.৩৮.১১.০০৬.২০১৫-৪৭৯৫ নং স্মারক পত্রের মাধ্যমে “দৈনিক ইত্তেফাক এবং দৈনিক সংবাদ” পত্রিকায় প্রকাশিত উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগের জন্য অনলাইনে দরখাস্ত আহ্বান করা হয়। গত ০৭/১০/২০১৬ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আই,বি,এ এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়। লিখিত পরীক্ষায় ৪৯৭৪ (চার হাজার নয়শত চুয়াত্তর) জন প্রার্থী উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ প্রার্থীদের রোল নম্বর সম্বলিত তালিকা ১৯ (উনিশ) পাতা সংযুক্ত করা হলো। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ বরাবরে সরকারী ডাক/কুরিয়ার সার্ভিস যোগে উত্তীর্ণ প্রার্থীদের নিম্নোবর্ণিত সনদ ও অন্যান্য কাগজপত্র (০২ সেট) আবশ্যিকভাবে ৩১/১০/২০১৬ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে।

সনদপত্র ও কাগজপত্রাদি

- ১। প্রার্থীর নাম, ঠিকানা ও রোলনম্বর উল্লেখপূর্বক আবেদন পত্র।
- ২। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
 - ক) এসএসসি
 - খ) কৃষি ডিপ্লোমা সার্টিফিকেট।
 - গ) অন্যান্য
- ৩। জেলা কোর্টার সমর্থনে স্ব-স্ব ইউনিয়ন চেয়ারম্যান/পৌর অথবা সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
- ৪। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের প্রশংসাপত্র।
- ৫। সরকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি।
- ৬। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- ৭। জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- ৮। লিখিত পরীক্ষার জন্য প্রদত্ত প্রবেশ পত্রের ফটোকপি।
- ৯। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত সনদ পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ১০। দাবীকৃত কোটা শারীরিক প্রতিবন্ধি, আনসার ভিডিপি, ক্ষুদ্র-নূ গোষ্ঠির স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি।
- ১১। প্রথম আবেদনের সংযুক্ত ফটোর অবিকল তিন কপি ফটো।


মোঃ মোয়াজ্জেম হোসেন
উপ পরিচালক (পার্সোনেল)

ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই ও নির্বাচন কমিটি

ফোন-৮১২১১৭৫

১৬/১০/১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপ সচিব (সম্প্রসারণ)।
- ২। উপ পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা।